



নং- কুসক-২০২২/৮০

তারিখঃ- ২০/০৮/২০২২

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)

প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ১ম মেধা তালিকা হতে ভর্তি নিম্নলিখিত স্থান, ফিস ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্লাস শুরুর তারিখঃ ১০ মে ২০২২ খ্রি. থেকে

ভর্তির তারিখ ও সময়ঃ- ১৩/০৮/২০২২ থেকে ১৯/০৮/২০২২ খ্রি. পর্যন্ত

সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)

ফরম জমা দেয়ার স্থানঃ স্ব স্ব বিভাগ।

ফিসের বিবরণ

০১.	সরকারি ভর্তি ফি	
০২.	বেতন (জুলাই-২০১৯ হতে জুন-২০২০)	৩০.০০
০৩.	রেজিস্ট্রেশন ফি	৩৬০.০০
০৪.	সেশন চার্জ	৮৩৫.০০
০৫.	অধিভুক্তি ফি	৩৩০.০০
০৬.	পরিচয় পত্র ফি	১০০.০০
০৭.	মসজিদ ফি/ পূজা পার্বন (প্রয়োজ্যমত)	৪০.০০
০৮.	রেড ক্রিসেন্ট ফি	৫০.০০
০৯.	রেঞ্জার ফি	১৫.০০
১০.	উন্নয়ন ফি	২৫.০০
১১.	নিরাপত্তা/নৈশ প্রহরী/ অত্যাবশ্যকীয় কর্মচারি ফি	২০০.০০
১২.	লাইব্রেরি ফি	৫০০.০০
১৩.	চিকিৎসা সেবা	২৫.০০
১৪.	পরিবহন ও যোগাযোগ ফি	২০.০০
১৫.	বিবিধ ফি	৫০.০০
১৬.	আইসিটি ফি	১০০.০০
১৭.	বিজ্ঞান মেলা	২০.০০
১৮.	কম্পিউটার ল্যাব ফি	২০.০০
	মোট=	২৭৫০.০০

(দুই হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র)

বিভাগীয় আদায়

বাংলা, ইংরেজী, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান ও ইতিহাস বিষয়ের জন্য	পদার্থবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান ও উদ্ভিদবিজ্ঞান বিষয়ের জন্য
সেমিনার-৪০০/-, নির্বাচনী-৪০০/-, ইন-কোর্স- ২০০/-, শিক্ষা সফর- ১০০/- ও ব্যবস্থাপনা-৫০/- = ১,১৫০/-	সেমিনার-৫৫০/-, নির্বাচনী-৩৫০/-, ল্যাব উন্নয়ন-১০০/-, ইন-কোর্স-২০০/-, শিক্ষা সফর-১০০/- ও ব্যবস্থাপনা-৫০/- = ১,৩৫০/-
সর্বমোট = ২,৭৫০/- + ১,১৫০/- = ৩,৯০০/-	সর্বমোট = ২,৭৫০/- + ১,৩৫০/- = ৪,১০০/-
হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ের জন্য	গণিত বিষয়ের জন্য
সেমিনার-৪০০/-, নির্বাচনী-৪০০/-, ইন-কোর্স- ২০০/-, টার্ম পেপার- ৩০০/-, শিক্ষা সফর- ১০০/- ও ব্যবস্থাপনা-৫০/- = ১,৪৫০/-	সেমিনার-৫৫০/-, নির্বাচনী-৪০০/-, ল্যাব উন্নয়ন-১০০/-, ইন-কোর্স- ২০০/- ও ব্যবস্থাপনা-৫০/- = ১,৩০০/-
সর্বমোট = ২,৭৫০/- + ১,৪৫০/- = ৪,২০০/-	সর্বমোট = ২,৭৫০/- + ১,৩০০/- = ৪,০৫০/-
ভূগোল ও পরিবেশ বিষয়ের জন্য	
সেমিনার-৫৫০/-, নির্বাচনী-৩৫০/-, ল্যাব উন্নয়ন- ১০০/-, ইন-কোর্স- ২০০/-, শিক্ষা সফর- ১০০/-, মাঠকর্ম-১০০/- ও ব্যবস্থাপনা-৫০/- = ১৪৫০/=	সর্বমোট = ২,৭৫০/- + ১,৪৫০/- = ৪,২০০/-

** ভর্তিচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে অনলাইন থেকে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত টাকা শিওর ক্যাশে জমা পূর্বক (শিওরক্যাশের শর্টকোড KUGCM) অনলাইনে ভর্তির আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র উক্ত তারিখের মধ্যেই স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে (স্ব-স্ব বিভাগ শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি প্রার্থীদের সনদপত্র এবং নম্বরপত্রের ফটোকপি মূলকপির সাথে যাচাই বাছাই করে ভর্তি করবে। প্রত্যেক বিভাগ অন-লাইনে গিয়ে শিওর ক্যাশে টাকা প্রদানের প্রমাণ নিশ্চিত করে ভর্তি ফরম জমা নেবে। কমিটি এ ব্যাপারে সহযোগিতা করবে।

ভর্তির যোগ্যতাঃ-

যে সমস্ত শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য অন-লাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করেছে এবং মেধাতালিকায় স্থান পেয়েছে শুধুমাত্র তারাই উক্ত শ্রেণিতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৮ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে

- স্নাতক পরীক্ষা পাশের নম্বর পত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ০২ কপি।
- সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট আকারের ছবি ০২ কপি (অনলাইন আবেদন ফরম দুই সেট স্ব-স্ব বিভাগে জমা দিবে)
- সকল মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

বিঃ দ্রঃ স্ব স্ব বিভাগ প্রতিদিন ভর্তি শেষে ভর্তির ফলাফলশিটে ভর্তিকৃতদের সিরিয়াল নম্বরে লাল কালিতে গোল বৃত্ত দ্বারা মার্কিং করে ভর্তি কমিটির আহ্বায়কের নিকট দুপুর ২:০০ টার মধ্যে জমা দিবে ও সর্বশেষ ভর্তি শেষে ১ সেট আবেদন ফরম মাস্টার্স শাখায় জমা দেবে এবং ০১ সেট বিভাগে সংরক্ষণ করবে।

(প্রফেসর কাজী মনজুর কদ্দীর)

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

কপি বিতরণ :-

- উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- বিভাগীয় প্রধান, বাং, ইং, রাবি, অনি, হিবি, ব্যব, গণিত, পদা, সবি, ইতি, ভূগোল, প্রাণি, উবি, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কমিটি-২০১৯-২০২০, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ড. মোহাম্মদ আবুল কালাম আযাদ, সহযোগী অধ্যাপক, রস্ট্রবিজ্ঞান, তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- হিসাবরক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- শাখা সহকারী, মাস্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- সংরক্ষণ নথি।